বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/১৪১১ তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রিঃ

মহাব্যবহাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকের নিরাপত্তা জোরদারকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাস (কোভিড-১৯)পরিস্থিতির অবনতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ এপ্রিল ২০২১ এর স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২৪ এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১৩ এপ্রিল ২০২১ এর ডিওএস সার্কুলার লেটার নং-১৫ এর নির্দেশনা মোতাবেক ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে যে সকল শাখা বন্ধ থাকবে সে সকল শাখায় যাতে কোনধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০২। সকল শাখা/কার্যালয়ের দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্লোক্ত সতর্কতামুলক ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলোঃ

২.১) প্রহরী ব্যতিত শাখার অভ্যন্তরে অন্যকোন পরিচিত ব্যক্তি বা আত্নীয় অবস্থান করতে পারবেন না। তাছাড়া, শাখা বন্ধকালীন সময়ে প্রহরী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দুরে কোথাও যেতে পারবেন না;

২.২) ব্যাংকের নিরপত্তাঘন্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;

২.৩) বন্ধকালীন সময়ে শাখার ভল্ট লিমিটির মধ্যে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে;

২.৪) এ সময় শাখা/কার্যালয়ের সকল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে Security Light জ্বালিয়ে রাখতে হবে;

২.৫) উপরোক্ত নিরাপত্তা নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা শাখা ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা/কার্যালয় পরিদর্শন করে নিরাপত্তা নিবিড় তদারকি করবেন এবং সে বিষয়ে শাখা/কার্যালয়ের নিরাপত্তা রেজিষ্টারে মন্তব্য লিখে স্বাক্ষর করতঃ তা কার্যালয়ে সংরক্ষণ করবেন।

২.৬) শাখা/কার্যালয়ে নিরাপত্তার বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরণের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সমুহের উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, শাখা/কার্যালয়ের নিরাপত্তাবিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর সংরক্ষণ, প্রয়োজনে ব্যবহারের জন্য তা প্রহরীরকে সরবরাহ করে প্রহরী/গার্ডের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
১৩/০৪/২০২১
(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িতে

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৪)/২০২০-২০২১/ ১৪১১ তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

১৩/০৪/২২
(মোঃ শাহরিয়ার মাহমুদ চৌধুরী)
উর্ধতন মুখ্য কর্মকর্তা

C:\Users\bkb\Desktop\Holiday.doc